মন্ত্রিপরিষদ বিভাগ
**সাধারণ অধিশাখা**

**বিষয়: জেনেভাস্থ (সুইজারল্যান্ড) বাংলাদেশ স্থায়ী মিশন-এর বাণিজ্যিক উইং-এ ইকনোমিক মিনিস্টার ও বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং বেইজিং (চীন), বার্লিন (জার্মানি), টোকিও (জাপান), মস্কো (রাশিয়া), মাদ্রিদ (স্পেন), ওয়াশিংটন (যুক্তরাষ্ট্র) ও দুবাই (সংযুক্ত আরব আমিরাত)-এ কমার্শিয়াল কাউন্সেলর এবং বাংলাদেশ উপ-হাইকমিশন কলকাতা (ভারত)-এ প্রথম সচিব (বাণিজ্যিক) পদে কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব ও তদ্‌নিম্ন পর্যায়ের আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত জীবন বৃত্তান্ত ছক পূরণপূর্বক আগামী ২৩.০৪.২০১৮ তারিখের মধ্যে সাধারণ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/০৪/১৮

মুহাম্মদ লুৎফর রহমান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১

০১। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ

০২। উপসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ

০৩। সিনিয়র সহকারী সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ

---

ইউ ও নোট নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৮৩.০০১.১৪.৩৭১ তারিখ: ১৮ এপ্রিল ২০১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-৩ অধিশাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
**www.mincom.gov.bd**

নং-২৬.০০.০০০০.১০২.১১.০০৮.১৮-১২৬(৭) তারিখ: ২৫ চৈত্র ১৪২৪ / ০৮ এপ্রিল ২০১৮

**বিষয়:** জেনেভাস্থ (সুইজারল্যান্ড) বাংলাদেশ স্থায়ী মিশন-এর বাণিজ্যিক উইং-এ ইকনমিক মিনিস্টার ও বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং বেইজিং (চীন), বার্লিন (জার্মানি), টোকিও (জাপান), মস্কো (রাশিয়া), মাদ্রিদ (স্পেন), ওয়াশিংটন (যুক্তরাষ্ট্র), ও দুবাই (সংযুক্ত আরব আমিরাত)-এ কমার্শিয়াল কাউন্সেলর এবং বাংলাদেশ উপ-হাইকমিশন কলকাতা (ভারত)-এ প্রথম সচিব (বাণিজ্যিক) পদে কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি।

বিদেশস্থ বাংলাদেশ মিশনে বিশেষ কমার্শিয়াল উইং-এ কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী জেনেভাস্থ (সুইজারল্যান্ড) বাংলাদেশ স্থায়ী মিশন-এর বাণিজ্যিক উইং-এ ইকনমিক মিনিস্টার ও বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং বেইজিং (চীন), বার্লিন (জার্মানি), টোকিও (জাপান), মস্কো (রাশিয়া), মাদ্রিদ (স্পেন), ওয়াশিংটন (যুক্তরাষ্ট্র), ও দুবাই (সংযুক্ত আরব আমিরাত)-এ কমার্শিয়াল কাউন্সেলর এবং বাংলাদেশ উপ-হাইকমিশন কলকাতা (ভারত)-এ প্রথম সচিব (বাণিজ্যিক) পদে কর্মকর্তা নিয়োগের জন্য বাংলাদেশ সিভিল সার্ভিসের উপযুক্ত ও আগ্রহী কর্মকর্তাদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

০২. সংযুক্ত ''জীবন বৃত্তান্ত ছক''-এ যোগ্য/আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদন করতে হবে:

| পদের নাম ও বাণিজ্যিক উইং | পদ সংখ্যা | আবেদনকারীর যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|
| **ইকনমিক মিনিস্টার**<br>১। বাণিজ্যিক উইং, বাংলাদেশ স্থায়ী মিশন, জেনেভা, (সুইজারল্যান্ড)। | ০১ (এক)টি | জাতীয় বেতন স্কেলের ৩য় গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য হবেন। | রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জনের পদক্ষেপ গ্রহণ, রপ্তানি আয় বৃদ্ধির/ সুযোগ-সম্ভাবনা অন্বেষণে কার্যক্রম গ্রহণ, সুবিধাজনক শর্তে আমদানি পণ্য সংগ্রহে সহায়তা, আমদানি বিকল্প সম্পর্কীয় তথ্য সংগ্রহ, বিদেশি বিনিয়োগ সংগ্রহ, কারিগরী সহায়তা আনয়নের প্রচেষ্টা গ্রহণ, টাস্কফোর্সের সভানুষ্ঠানসহ স্থানীয়/ পার্শ্ববর্তী দেশে অবস্থানকারী প্রবাসীদের ব্যবসায়িক সহযোগিতা প্রদান ইত্যাদি। |
| **কমার্শিয়াল কাউন্সেলর**<br>২। বাণিজ্যিক উইং বাংলাদেশ দূতাবাস বেইজিং (চীন), বার্লিন (জার্মানি), টোকিও (জাপান), মস্কো (রাশিয়া), মাদ্রিদ (স্পেন), ওয়াশিংটন (যুক্তরাষ্ট্র), ও দুবাই (সংযুক্ত আরব আমিরাত)। | ০৭ (সাত)টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য হবেন। | |
| **প্রথম সচিব (বাণিজ্যিক)**<br>৩। বাণিজ্যিক উইং, বাংলাদেশ উপ-হাইকমিশন কলকাতা (ভারত)। | ০১ (এক)টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে কম পক্ষে ০২ বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য হবেন। | |

চলমান পাতা-২

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
☐ সর্বোচ্চ অগ্রাধিকার ☐ অতীব জরুরি ☐ জরুরি ☐ রুটিন
ডায়েরি নং ১১৫০
তারিখ ১১/০৪/১৮
☐ সচিব, সমন্বয় ও সংস্কার ☐ উপস্থাপন করুন
☐ অতিরিক্ত সচিব ☐ নিষ্পত্তি করুন
☐ অতিরিক্ত সচিব (জেলাপ্র) ☐ আলোচনা করুন
☐ অতিরিক্ত সচিব (কমিটি) ☐ ব্যবস্থা নিন
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন/বিধি) ☐ প্রক্রিয়া করুন
☐ অতিরিক্ত সচিব (মসবি) ☐ নথিভুক্ত করুন
মন্ত্রিপরিষদ সচিবের স্বাক্ষর:

অতিরিক্ত সচিব (প্রঃ ও বিধি অনুবিভাগ)
মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিব (বিশ্লেষ)
অতিরিক্ত সচিব (আইন)
যুগ্মসচিব (প্রঃ)
যুগ্মসচিব (সংস্কার)
কর্মকর্তা
১৪৫৫
তারিখ ১১/৪/১৮
স্বাক্ষর

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা
উপসচিব (সাধারণ)
উপসচিব (সাসে)
উপসচিব (সংস্থাপন)
সিসস (প্রঃ ও শৃঃ)
কাউন্সিল অফিসার
সস (কেঃ পঃ প্রাঃ বিভাগ)
গোপনীয় কর্মকর্তা
ব্যক্তিগত কর্মকর্তা
তারিখ- ১১/৪/১৮
ডাইরী নং ৮৮৭
স্বাক্ষর

সাধারণ অধিশাখা
ডায়রি নং ৪১০
তারিখ: ১২/৪/১৮
১৫.৪.১৮ তারিখের মধ্যে উপস্থাপন করুন
☐ আলোচনা করুন
☐ সংশ্লিষ্ট নথিতে রাখুন
☐ গার্ড ফাইলে রাখুন
☐ কার্যক্রম নাই
প্রশাসনিক কর্মকর্তা
উপসচিব

বাংলাদেশ সচিবালয়, ঢাকা
গ্রহণ ও প্রেরণ ইউনিট
নিবন্ধন নং ২০৪২
তারিখ ১০/০৪/১৮

**শর্তাবলি:**

১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ২৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে ''জীবন বৃত্তান্ত ছক'' পূরণপূর্বক সচিব, বাণিজ্য মন্ত্রণালয়কে সম্বোধন করে আবেদন করতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতার (মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/স্নাতক (পাস/সম্মান) /স্নাতকোত্তর) সার্টিফিকেটসমূহের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি সহকারে আবেদন করতে হবে।

৩। আবেদনপত্র ব্যক্তিগতভাবে/ডাকযোগে নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব (রপ্তানি-৩) অধিশাখা, বিল্ডিং নং-৩, কক্ষ নং-১২৬)-এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং/অথবা সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

৪। ১লা জানুয়ারি ১৯৯২ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর সন্তান জন্মগ্রহণ করে এবং এর ফলে তাঁর সন্তান সংখ্যা দুই এর অধিক হয়, সেক্ষেত্রে তিনি আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

৫। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৭। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসের সমমর্যাদার পদে যাঁরা ইতঃপূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৮। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতাকরণ সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৯। প্রার্থীত পদ ও বাণিজ্যিক উইং এর নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নম্বর কলামে) উল্লেখ করতে হবে। তবে একাধিক উইং এর জন্য পৃথকভাবে আবেদন দাখিলের প্রয়োজন নেই।

(মোঃ দেলোয়ার হোসেন)
যুগ্মসচিব
☎ ৮৮০২-৯৫৪৯৩৪৮
E-mail: export3@mincom.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব ........................................ মন্ত্রণালয়/বিভাগ, ................................. ঢাকা, (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/রংপুর (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সকল), যুগ্ম-সচিব (সকল), সকল অধিশাখা/শাখা এবং অধীনস্থ সকল অধিদপ্তর / পরিদপ্তর, ঢাকা।
৬। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৭। জনাব মোহাম্মদ খাদেমুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে জীবনবৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি জীবনবৃত্তান্ত ছকসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো )।
১০। বাণিজ্য মন্ত্রণালয়ের নোটিশবোর্ড।

## জীবন-বৃত্তান্ত ছক

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে):

২। বর্তমান আবাসিক ঠিকানা:

৩। স্থায়ী ঠিকানা:

৪। জন্ম তারিখ:

৫। পদবি এবং বর্তমান কর্মস্থল:

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখঃ

৭। বর্তমান বেতন স্কেল:

৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ:

৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারের চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত):

১০। ইত:পূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ:

১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা:

১২। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে):

১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ:

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান ইনস্টিটিউশনের নামসহ | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশী | | | |

১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে):

১৫। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে):

১৬। বিবাহিত/অবিবাহিত:

১৭। সন্তান সংখ্যা:
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে):

১৮। প্রার্থিত পদের নাম ও বাণিজ্যিক উইং এর নাম:

১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) (অতিরিক্ত তথ্য যদি থাকে স্বতন্ত্র কাগজে সংযোজনপূর্বক স্বাক্ষর করতে হবে)।

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বর: (অফিস)
(বাসা)

মোবাইল নম্বর:

ই-মেইল: